



পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)

www.warpo.gov.bd

ভূমিকা

আবহমান কাল থেকে বাংলাদেশের প্রকৃতি, ইতিহাস, অর্থনীতি, শিক্ষা ও সংস্কৃতি নদ-নদীর উপর ভিত্তি করে গড়ে উঠেছে। বর্ষা মৌসুমে পর্যায়ক্রমিক বন্যা, জলোচ্ছাস, সাইক্লোন, নদী ভাঙ্গন ও শুকনো মৌসুমে পানির দূষণাপ্রাপ্যতা, নদনদী ভরাট, খরা, লবণাক্ততা, ভূগর্ভস্থ পানির স্তর নেমে যাওয়া ও ভূপরিষ্ক পানির মানের ক্রমাবনতির কারণে বাংলাদেশের পানি ব্যবস্থাপনা আজ কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন। ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে পানির বহুমাত্রিক চাহিদাও প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। আর্সেনিক দূষণ এই সমস্যাকে আরও জটিল করে তুলেছে। বাংলাদেশের ভূ-খন্ডের বাইরে থেকে আগত নদনদীর প্রবাহের উপর আমাদের নিয়ন্ত্রণ না থাকায় পানি ব্যবহারকারীদের মধ্যে দ্বন্দ্ব, অপরিবর্তিত উন্নয়ন কার্যক্রম গ্রহণে পানি ব্যবস্থাপনায় সমন্বয়হীনতা ইত্যাদি বিষয়গুলো সামগ্রিক অবস্থার আরও অবনতি ঘটাবে। এ প্রেক্ষিতেই সরকার পানি সম্পদের উন্নয়ন ও এর সুখম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর প্রদত্ত ক্ষমতাবলে ১৯৯২ সালে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) সৃষ্টি করে। দেশে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে ওয়ারপো পানি সম্পদের সামষ্টিক পরিকল্পনা প্রণয়নে একমাত্র সংবিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ১৯৮৩ হতে ১৯৯১ সালে জাতীয় পানি পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে গঠিত মাস্টার প্ল্যান অরগানাইজেশন বা এমপিও এর উত্তরসূরী। ১৯৮৯ হতে ১৯৯৬ সালে ফ্লাড এ্যাকশনপ্ল্যান (ফ্যাপ) কার্যক্রম সমন্বয়ের জন্য স্থাপিত ফ্ল্যাড প্ল্যান কোঅর্ডিনেশন অরগানাইজেশন বা এফপিসিও কে ১৯৯৬ সালে ওয়ারপো'র সাথে একিভূত করা হয়। ২০০৫ সালে উপকূলীয় অঞ্চল নীতি এবং ২০০৬ সালে উপকূলীয় কৌশলের দ্বারা ওয়ারপোকে উপকূলীয় এলাকার সমন্বয়ের দায়িত্ব প্রদান করা হয়। বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর মাধ্যমে ওয়ারপোকে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির সচিবালয় হিসাবে দায়িত্ব প্রদান করা হয়।

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর ভিশন ও মিশন

ভিশন বা রূপকল্প

বাংলাদেশের পানি সম্পদের সমন্বিত ও টেকসই পানি ব্যবস্থাপনা নিশ্চিত করা।

মিশন বা অভিলক্ষ্য

পানি সম্পদ খাতে মহাপরিকল্পনা প্রণয়ন ও পর্যায়ক্রমিক হালনাগাদকরণ, জাতীয় পানি সম্পদ তথ্য-উপাত্ত ভান্ডার রক্ষণাবেক্ষণ, ক্লয়ারিং হাউজ হিসাবে ভূমিকা পালন এবং বাংলাদেশ পানি আইন ২০১৩ বাস্তবায়নে সমন্বয়ক হিসাবে দায়িত্ব পালনের মাধ্যমে দেশের টেকসই ও সমন্বিত পানি ব্যবস্থাপনা নিশ্চিত করা।

পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২; জাতীয় পানি নীতি ১৯৯৯; উপকূলীয় অঞ্চল নীতি ২০০৫ এবং বাংলাদেশ পানি আইন, ২০১৩ অনুযায়ী ওয়ারপো'র কার্যপরিধি ও দায়িত্বসমূহ

১. পানি সম্পদের উন্নয়নকল্পে পরিবেশগতভাবে ভারসাম্যপূর্ণ মহাপরিকল্পনা প্রণয়ন করা;
২. পানি সম্পদের বিজ্ঞানভিত্তিক ব্যবহার ও সংরক্ষণ সম্পর্কিত জাতীয় কৌশল ও নীতি নির্ধারণ করা;
৩. পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাকে পরামর্শ প্রদান করা;
৪. পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণে নিয়োজিত যে কোন প্রতিষ্ঠানের সমীক্ষা পরিচালনায় সহযোগিতা প্রদান এবং প্রয়োজনে সংশ্লিষ্ট যে কোন বিষয়ে বিশেষ সমীক্ষা পরিচালনা করা;
৫. পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণে নিয়োজিত কোন প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত ব্যবস্থা হতে উদ্ভূত বিষয়ের মূল্যায়ন ও পর্যালোচনা করা এবং উক্ত বিষয়ে পরামর্শ প্রদান করা;
৬. পানি সম্পদের ব্যবহার সংক্রান্ত শিক্ষা, প্রশিক্ষণ ও পেশাগত মান উন্নত করা;
৭. পানি সম্পদের ব্যবহার সম্পর্কিত তথ্য সংগ্রহ ও পর্যালোচনা করা এবং প্রচারের ব্যবস্থা করা;
৮. পানি সম্পদ বিষয়ক জাতীয় এবং সরকারের পূর্বানুমোদনক্রমে আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন ও কর্মশালার আয়োজন ও পরিচালনা করা;
৯. জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটি (ইসিএনডব্লিউআরসি) কে প্রশাসনিক ও সাচিবিক সহায়তা প্রদান;
১০. পানি সম্পদ, সংশ্লিষ্ট ভূমি ও পরিবেশগত ব্যবস্থাপনা নীতি, পরিকল্পনা ও নিয়ন্ত্রণমূলক বিষয়ে ইসিএনডব্লিউআরসিকে পরামর্শ প্রদান;

১১. জাতীয় পানি সম্পদ পরিষদ (এনডব্লিউআরসি) এর অনুমোদনের জন্য জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) প্রস্তুত এবং নির্দিষ্ট সময়ান্তে তা হালনাগাদকরণ;
১২. জাতীয় পানি সম্পদ তথ্য ভান্ডার (এনডব্লিউআরডি) ব্যবস্থাপনা ও হালনাগাদকরণ;
১৩. বিভিন্ন সংস্থা কর্তৃক চিহ্নিত পানি সম্পদ খাতের অন্তর্ভুক্ত জাতীয় প্রকল্প বাস্তবায়নের জন্য ক্লয়ারিং হাউজ হিসাবে দায়িত্ব পালন এবং বিবেচ্য প্রকল্প এনডব্লিউএমপিএর সাথে সঙ্গতিপূর্ণ কিনা এ বিষয়ে ইসিএনডব্লিউআরসি এর নিকট প্রতিবেদন পেশ করা;
১৪. জাতীয় পানি নীতি এবং বাংলাদেশ পানি ও বন্যা ব্যবস্থাপনা কৌশলে বর্ণিত উদ্দেশ্য ও কর্মসূচি পূরণের জন্য ইসিএনডব্লিউআরসি'র চাহিদা অনুসারে কোন বিশেষ সমীক্ষা পরিচালনা;
১৫. বাস্তবায়নের পর্যায়ে সমন্বয় সাধনের জন্য একটি কর্মসূচি সমন্বয় ইউনিট (Program Co-ordination Unit-PCU) প্রতিষ্ঠা করা। সমন্বিত উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনার নির্ধারিত সূচকের আলোকে প্রকল্পের অগ্রগতি দেখাশোনা করা;
১৬. আইসিজেডএম প্রক্রিয়া বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কর্মসূচি সমন্বয় ইউনিট (পিসিইউ) এর মাধ্যমে বিভিন্ন সার্ভিস মন্ত্রণালয়, যেমন অর্থ, পরিকল্পনা ও জনপ্রশাসন মন্ত্রণালয় এবং উন্নয়ন সহযোগীদের সাথে যোগাযোগ রক্ষা করা;
১৭. সংশ্লিষ্ট সকল সংস্থায় ফোকাল পয়েন্ট স্থাপন করা, যারা দায়িত্ব প্রাপ্ত প্রতিনিধি হিসেবে নিজ নিজ সংস্থা'র পক্ষে আইসিজেডএম কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট থাকবেন এবং পিসিইউ এর সাথে কার্যকরী যোগাযোগ রক্ষা করবেন;
১৮. স্থানীয় পর্যায়ে (জেলা, উপজেলা ও ইউনিয়ন) পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য প্রচলিত স্থানীয় সরকার কাঠামোকে কাজে লাগানো। স্থানীয় পর্যায়ে অংশগ্রহণমূলক সমন্বিত পরিকল্পনা প্রক্রিয়াকে উৎসাহিত করা এবং জাতীয় পর্যায়ে পিসিইউ ও খাতভিত্তিক সংস্থাগুলোর সাথে সংযোগ সৃষ্টি করা;
১৯. জাতীয় পানি সম্পদ পরিষদ ও এর নির্বাহী কমিটি কর্তৃক গৃহীত নীতি ও কর্মপন্থা বাস্তবায়নে ও প্রয়োগে সহায়তা প্রদান;
২০. জাতীয় পানি সম্পদ পরিষদ ও এর নির্বাহী কমিটির নির্দেশনার আলোকে সভায় উপস্থাপনের নিমিত্ত সকল প্রকার প্রস্তাব প্রস্তুত;
২১. বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়নে সংশ্লিষ্ট স্থান বা প্রকল্প এলাকা পরিদর্শন করা;
২২. পানি আইন সম্পর্কিত বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
২৩. জাতীয় পানি সম্পদ পরিষদ ও এর নির্বাহী কমিটি কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;
২৪. জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন;
২৫. পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র ইস্যুকরণ;
২৬. ভূগর্ভস্থ পানি উত্তোলনের জন্য অনাপত্তি প্রদান।

জনবল

অনুমোদিত কাঠামো অনুযায়ী ৪৪ জন কর্মকর্তা ও ৪৩ জন কর্মচারিসহ ওয়ারপো'র মোট জনবল হলো ৮৭, যা নিম্নে উপস্থাপন করা হলো:

কর্মকর্তা ও কর্মচারি	অনুমোদিত কাঠামো অনুযায়ী সংখ্যা	বর্তমানে কর্মরত কর্মকর্তা-কর্মচারির সংখ্যা	শূণ্য পদ
গ্রেড ১-৯	৪২	৩৩	০৯
গ্রেড ১০	২	২	-
গ্রেড ১১-২০	৪৩	৩৯	০৪
সর্বমোট:	৮৭	৭৪	১৩

শূণ্য পদগুলির মধ্যে ৪ টি ১- ৯ম গ্রেড ও ৪ টি ১৩, ১৪, ১৬ ও ২০ গ্রেড ভুক্ত কর্মচারী, যার নিয়োগ প্রক্রিয়া চলমান। এছাড়া, পদোন্নতির জন্য ৫টি ৬ষ্ঠ গ্রেডের পদ সংরক্ষিত আছে।

ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ

জেলা পর্যায়ে ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ সংক্রান্ত প্রতিবেদন প্রণীত হয়েছে। জেলা পর্যায়ে চাহিদাকৃত ১০টি ক্যাটাগরিতে ৬৯৩ জন জনবলের প্রেক্ষিতে ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ৬৩ জেলায় ৭টি ক্যাটাগরিতে ৪৪১ জন

জনবলের পদ সৃজনের বিষয়ে সম্মতিজ্ঞাপন করেছে। এছাড়া আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুসারে অবশিষ্ট ৩টি ক্যাটাগরিতে ২৫২ জন জনবলের আউটসোর্সিং পদ্ধতিতে সেবা গ্রহণের বিষয়ে মতামত প্রদান করেছে। পরবর্তীতে, অর্থ মন্ত্রণালয় ০৭ টি বিভাগীয় শহরে ০৭ টি কার্যালয়ের জন্য ৫৬ টি পদ সৃজনের ব্যাপারে সম্মতি জ্ঞাপন করে। বর্তমানে, বিষয়টি প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রক্রিয়াধীন রয়েছে। সকল জেলায় ওয়ারপো'র জনবল কাঠামো অনুমোদন প্রক্রিয়ায় উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। পানি সম্পদ মন্ত্রণালয় বিগত ২৪-০৮-২০২০ তারিখের মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জেলা কার্যালয়ে ওয়ারপো'র জেলা অফিস স্থাপনে ২/৩টি কক্ষ প্রদানের জন্য মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে নির্দেশনা প্রদান করেন। সে আলোকে ওয়ারপো'র ৭টি বিভাগীয় শহরে জেলা কার্যালয় স্থাপনের জন্য ৪২.০২.০০০০.০০৩.১৮.০৩৬.১৯-২১০; তারিখ ২১/০৯/২০২০ মারফত পত্র প্রেরণ করা হয়। এছাড়া, ইতোমধ্যে রাজশাহীতে ওয়ারপো'র জেলা কার্যালয় স্থাপন করা হয়েছে এবং বরিশাল জেলায় ওয়ারপো কার্যালয় স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে।

বাজেট বরাদ্দ ও ব্যয়

সরকারের উন্নয়ন ও রাজস্ব বাজেটের সহায়তায় ওয়ারপো'র কার্যক্রম বাস্তবায়িত হয়ে থাকে।

২০২০-২০২১ সালের উন্নয়ন ও রাজস্ব বাজেট

(লক্ষ্য টাকায়)

ক্রমিক নং	প্রকল্পের নাম	২০২০-২১ অর্থবছরের বরাদ্দ	উৎস
১.	নীতি ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে সহায়তা প্রদানের লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণের জন্য সমীক্ষা (Study on Developing Operational Shadow Prices for Water to Support Informed Policy and Investment Decision making Process)	৩৭০.০০	জিওবি
২.	পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র এবং ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র অনলাইন প্রক্রিয়াকরণ (Study on Online Processing and Tracking of Water Resources Project Clearance and No Objection Certificate)	৪৪২.০০	জিওবি
৩.	সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনায় বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ কার্যকরকরণ (“Operationalizing Integrated Water Resources Management (IWRM) in compliance with the Bangladesh Water Rules, ২০১৮”)	১৯৬.০০	জিওবি
৪.	বেতন ভাতাদি	৬৭৩.০০	জিওবি
৫.	অন্যান্য	৪৭৮.০০	জিওবি
	উপমোট (৪+৫)	১১৫১.০০	জিওবি
	সর্বমোট	২১৫৯.০০	

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর ২০২০-২০২১ বছরের উল্লেখযোগ্য কার্যক্রমের সারসংক্ষেপ

‘জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার’ (এনডব্লিউআরডি)

উপাত্ত সরবরাহ (Data Dissemination)

পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ অনুসারে পানি সম্পদ সম্পর্কিত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও প্রচার, জাতীয় পানি নীতি ১৯৯৯ অনুসারে ‘জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (এনডব্লিউআরডি)’ তৈরী, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদ করার দায়িত্ব ওয়ারপোর উপর ন্যস্ত। এ লক্ষ্যে ২০০১ সালে জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) প্রণয়নে সহায়তা প্রদানের জন্য ওয়ারপোতে ‘জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (এনডব্লিউআরডি)’ প্রতিষ্ঠা করা হয়েছে। পর্যায়ক্রমে এর অধীনে ২০০৫ সালে ‘সমন্বিত উপকূলীয় অঞ্চল সম্পদ উপাত্তভান্ডার (আইসিআরডি)’ সংযুক্ত হয়েছে।

পানি সম্পদ ও পানি সম্পদ সংশ্লিষ্ট (ভূপরিষ্ক পানি, ভূগর্ভস্থ পানি, পরিবেশ, জলবায়ু, মৃত্তিকা ও কৃষি, বন, মৎস্য এবং আর্থ-সামাজিক সংক্রান্ত) বিষয়ে অদ্যাবধি এনডব্লিউআরডিতে ৫৫৭ টি এবং আইসিআরডিতে ৫৬৩ টি উপাত্ত সংযোজন করা হয়েছে। সারাদেশের প্রায় ৫০ টি সংস্থার এবং ওয়ারপোর নিজস্ব তথ্য-উপাত্ত এই উপাত্তভান্ডারে সংরক্ষিত আছে। এই উপাত্তভান্ডার এনডব্লিউএমপি হালনাগাদকরণ এবং পানি সম্পদ সম্পর্কিত ডিজিটাল উপাত্ত ও তথ্যের একটি কেন্দ্রীয় গুরুত্বপূর্ণ উৎস। বিভিন্ন দেশী বিদেশী সংস্থা, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান ও প্রকল্প কর্তৃক পানি সম্পদ পরিকল্পনা, ব্যবস্থাপনা, গবেষণা, প্রকল্প বাস্তবায়ন, অধ্যয়ন ইত্যাদি কাজে এনডব্লিউআরডি ও আইসিআরডি এর উপাত্ত ব্যবহৃত হচ্ছে।

২০২০-২১ অর্থবছরে ওয়ারপো কর্তৃক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দি ইউনিভার্সিটি অব কলোরাডো, বোল্ডার, যুক্তরাষ্ট্র, ওয়ারপো, পানি সম্পদ মন্ত্রণালয়সহ মোট ০৬ টি প্রতিষ্ঠানকে এনডব্লিউআরডি ও আইসিআরডি হতে মোট ০৬ (ছয়) বার উপাত্ত সরবরাহ করা হয়েছে। এতে মোট ৩৩৪৫.০০ (তিন হাজার তিনশত পাঁচচল্লিশ) টাকা আয় হয়েছে।

উপাত্ত সংগ্রহ

এনডব্লিউআরডি ও আইসিআরডি এর বিদ্যমান উপাত্তসমূহ হালনাগাদকরণ এবং নতুন নতুন উপাত্ত অন্তর্ভুক্ত করার জন্য ২০২০-২০২১ অর্থবছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, এবং মংলা বন্দর কর্তৃপক্ষ এবং বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ হতে ডিজিটাল/ হার্ডকপি উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

জাতীয় ই-গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) ক্রয় কার্যক্রম

২০২০-২০২১ অর্থবছরে কম্পিউটার ও তথ্য শাখায় ইজিপি এর আওতায় ০১ (এক) টি ক্রয় কার্য সম্পন্ন হয়েছে।

ক্লয়ারিং হাউজ হিসেবে ওয়ারপো'র দায়িত্ব পালন

জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) ২০০১ অনুযায়ী ওয়ারপো বিভিন্ন সংস্থা কর্তৃক প্রস্তাবিত প্রকল্প ও কর্মসূচির শুধুমাত্র কারিগরী বিষয় পর্যালোচনা করে পরিকল্পনা কমিশন ও আইএমইডিকে সহায়তা করে। এছাড়া জাতীয় পানি নীতি ১৯৯৯ এবং বাংলাদেশ পানি আইন, ২০১৩ (১৬ নং ধারা) অনুযায়ী ওয়ারপো বিভিন্ন সংস্থা কর্তৃক চিহ্নিত পানি সম্পদ খাতের অন্তর্ভুক্ত জাতীয় প্রকল্প বাস্তবায়নের জন্য ক্লয়ারিং হাউজ হিসেবে দায়িত্ব পালন করবে এবং প্রকল্পের ছাড়পত্র প্রদান করবে। তাছাড়া ওয়ারপো জাতীয় পানি সম্পদ পরিষদ (এনডব্লিউআরসি) এর নির্বাহী কমিটির সচিবালয় হিসেবে পানি সেক্টরের সকল কার্যক্রমের মধ্যে সমন্বয় আনয়নে সচেষ্ট থাকে। ক্লয়ারিং হাউজ কার্যক্রমের মাধ্যমে ওয়ারপো পানি সম্পদ সেক্টরে চিহ্নিত প্রকল্পসমূহ বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে প্রকল্পের সুবিধাভোগীদের অংশগ্রহণ, পারিপার্শ্বিক ও সামাজিক প্রভাব, প্রকল্পের পুনরাবৃত্তি পরিহার, বিভিন্ন টুলস, টেকনিক ও মডেলিং এর ব্যবহার নিশ্চিত করে থাকে। সর্বোপরি বিবেচ্য প্রকল্প এনডব্লিউএমপি এর সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা যাচাই করে এনডব্লিউআরসিএর নির্বাহী কমিটির নিকট প্রতিবেদন পেশ করে। ২০০৭ সালে এ কার্যক্রম শুরুর পর হতে এ যাবৎ (জুন ২০২১ পর্যন্ত) এই কর্মসূচীর আওতায় ওয়ারপো, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) এর মোট ৩২১ টি প্রকল্প প্রস্তাবের ছাড়পত্র প্রদান করেছে। বিগত অর্থবছর (২০২০-২০২১, জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত) সময়ে ওয়ারপো, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ৪৫ (পাঁচচল্লিশ) টি প্রকল্প প্রস্তাব পর্যালোচনান্তে ছাড়পত্র প্রদান করেছে। বিভিন্ন সংস্থা কর্তৃক প্রস্তাবিত প্রকল্পসমূহের কারিগরী দিক পর্যালোচনা এবং পুনরাবৃত্তি পরিহারের জন্য মাঠ পর্যায়ে পরিদর্শন অতীব প্রয়োজন। ওয়ারপো তার ক্ষুদ্র জনবল নিয়ে স্বল্প পরিসরে এ কার্যক্রম শুরু করেছে। উল্লেখ্য যে, ওয়ারপোতে বিদ্যমান “ক্লয়ারিং হাউজ” প্রক্রিয়া একটি পরীক্ষামূলক ব্যবস্থা যা আরও শক্তিশালী করা প্রয়োজন। তাছাড়া বাংলাদেশ পানি আইন, ২০১৩ অনুমোদনের ফলে সাম্প্রতিক যে কোন প্রকল্প গ্রহণের পূর্বে ছাড়পত্র প্রদানের বাধ্যবাধকতা নিশ্চিত হয়েছে। সুতরাং আইন অনুযায়ী জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির সচিবালয় হিসেবে ওয়ারপো ক্লয়ারিং হাউজ কার্যক্রম আরও বলিষ্ঠ ও শক্তিশালীভাবে সম্প্রসারণের লক্ষ্যে লোকবল বৃদ্ধিসহ প্রশিক্ষণ কর্মসূচী নেওয়া বর্তমান সময়ের দাবি। ২০২০-২১ অর্থবছরে ওয়ারপো কর্তৃক ছাড়কৃত প্রকল্প সমূহের তালিকা নিম্নে দেওয়া হলো:

- Surface Water for Summit Meghnaghat-II Power Company Limited, 583MW/534MW Dual Fuel (Gas/HSD) Combined Cycle Power Plant at Meghnaghat Power Hub, Narayanganj;
- সাতক্ষীরা জেলার পোন্ডার নং ১৫ পুনর্বাসন;
- সাতক্ষীরা পওর বিভাগ ২ এর আওতাধীন খুলনা জেলার পোন্ডার নং ১৪/১ এর পুনর্বাসন;
- খুলনা জেলার দাকোপ উপজেলার উপকূলীয় পোন্ডার নং ৩১ এর পুনর্বাসন;
- মেঘনা-ধনাগোদা সেচ প্রকল্পের পুনর্বাসন;
- নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার ক্ষতিগ্রস্ত পোন্ডার নং ৭৩/১ (এ+বি) ও পোন্ডার নং ৭৩/২ এর পুনর্বাসন এবং মেঘনা নদীর (হাতিয়া চ্যানেল) ডান তীর প্রতিরক্ষা;

- মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার সদর উপজেলাধীন শিবপুর ও ধনিয়া এলাকা রক্ষা;
- শরীয়তপুর জেলার কীর্তিনাশা নদীর ডান ও বাম তীর রক্ষা;
- ঠাকুরগাঁও জেলার টাংগন ব্যারেজ, বুড়ি বাধ ও ভুলি- বাঁধ সেচ প্রকল্পসমূহ পুনর্বাসন; নদী তীর সংরক্ষণ ও সম্মিলিত পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ;
- টাঙ্গাইল জেলার সদর, দেলদুয়ার এবং মিজাপুর উপজেলাধীন লৌহজং নদী পুনঃখনন ও সৌন্দর্যবর্ধন;
- নড়াইল জেলার ঝুঁকিপূর্ণ স্থানসমূহ নদীর ভাঙ্গন হতে রক্ষাকল্পে স্থায়ী নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন;
- সাতক্ষীরা জেলার পোন্ডার নং ৫ পুনর্বাসন;
- পানগুছি নদীর ভাঙ্গন হতে বাগেরহাট জেলার মোড়লগঞ্জ উপজেলা সদর এবং সংলগ্ন এলাকা সংরক্ষণ এবং বিষখালী নদী পুনঃখনন;
- ভোলা জেলার দৌলতখান উপজেলাধীন দৌলতখান পৌরসভা ও চকিঘাট এবং অন্যান্য অধিকতর ঝুঁকিপূর্ণ এলাকা মেঘনা নদীর ভাঙ্গন হতে রক্ষা;
- টাঙ্গাইল জেলার গোপালপুর উপজেলাধীন বিনাই নদীর তীর সংরক্ষণ;
- বাগেরহাট জেলার পোন্ডার নং ৩৫/১, ৩৫/৩ এবং মোংলা-ঘষিয়াখালী চ্যানেল এর ঝুঁকিপূর্ণ অংশে নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন;
- টাঙ্গাইল জেলার টাঙ্গাইল সদর ও নাগরপুর উপজেলায় এবং সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলায় যমুনা নদীর বাম তীর সংরক্ষণ;
- রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার নদী তীর সংরক্ষণ, ছোট নদী, খাল-বিল পুনঃখনন ও জলাবদ্ধতা নিরসন
- অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা'র মাধ্যমে সেচ ও নিক্ষেপন প্রকল্প টেকসইকরণ;
- লালমনিরহাট জেলার লালমনিরহাট সদর উপজেলাধীন ধরলা নদীর ডানতীর বন্যা নিয়ন্ত্রণ ও তীর সংরক্ষণ;
- দিনাজপুর জেলার বিরল ও বোচাগঞ্জ উপজেলাধীন ঢেপা, পুনভবা ও টাঙ্গন নদীর বিভিন্ন স্থানে অব্যাহত ভাঙ্গন প্রতিরোধকল্পে নদী তীর সংরক্ষণ;
- ময়মনসিংহ জেলার অভ্যন্তরস্থ পুরাতন ব্রহ্মপুত্র নদের বাম ও ডান তীরের ভাঙ্গন কবলিত বিভিন্ন স্থানসমূহ রক্ষার্থে নদী তীর সংরক্ষণ;
- শরীয়তপুর জেলার জাজিরা উপজেলায় পদ্মা নদীর ডানতীরের ভাঙ্গন হতে মাঝিরঘাট জিরো পয়েন্ট এলাকা রক্ষা
- কুড়িগ্রাম জেলার মধ্য দিয়ে প্রবাহিত দুধকুমার নদী ব্যবস্থাপনা ও উন্নয়ন;
- বান্দরবান জেলায় সাঙু এবং মাতামুহুরী নদীর তীর সংরক্ষণ;
- কিশোরগঞ্জ, তারাগঞ্জ ও বদরগঞ্জ উপজেলার যমুনােশ্বরী, চিকলী ও চাড়ালাকাটা নদী তীর সংরক্ষণ (২য় পর্যায়);
- ফরিদপুর জেলাধীন মধুমতি নদীর বাম তীরের ভাঙ্গন হতে শহীদ বীরশ্রেষ্ঠ মুঙ্গী আবদুর রউফ স্মৃতি যাদুঘর সংযোগ বাস্তবায়ন রাস্তাসহ অন্যান্য এলাকা সংরক্ষণ ও ড্রেজিং;
- চট্টগ্রাম জেলার চন্দনাইশ এবং সাতকানিয়া উপজেলায় সাঙু এবং তার শাখা নদী সমূহের (চাদখালী ও ডলু) তীর সংরক্ষণ;
- Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2);
- তিস্তা সেচ প্রকল্পের কমান্ড এলাকার উন্নয়ন;
- ধরলা নদীর ভাঙ্গন হতে লালমনিরহাট জেলার সদর ও পাটগ্রাম উপজেলা রক্ষা;
- তজমুদ্দিন ও লালমোহন উপজেলায় মেঘনা নদীতীর সংরক্ষণ ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প (১ম পর্যায়);
- খুলনা ও সাতক্ষীরা জেলার উপকূলীয় এলাকায় বৃষ্টির পানি সংরক্ষণের জন্য দিঘী খনন;
- বাপাউবো পানি বিজ্ঞানকে আধুনিক যন্ত্রপাতি দ্বারা স্বয়ংসম্পূর্ণকরণ;
- লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলার মহিষখোচা নামক স্থানে তিস্তা নদীর বামতীর সংরক্ষণ কাজ;
- খুলনা, বাগেরহাট, নড়াইল, পটুয়াখালী, ভোলা, নোয়াখালী ও লক্ষীপুর জেলার উপকূলীয় এলাকায় বৃষ্টির পানি সংরক্ষণের জন্য দিঘী খনন;
- ব্যাম্বো ব্যাভিলিং এর মাধ্যমে জামালপুর জেলার ব্রহ্মপুত্র নদ ও যমুনার শাখা নদীর তীর ভাঙ্গন রোধ;
- ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় গ্রামীণ বন্যা নিয়ন্ত্রণ বা ব্যবস্থাপনা, ভূপরিষ্কার পানি দ্বারা সেচ প্রদান, হাইড্রলিক অবকাঠামো নির্মাণ ও ভূপরিষ্কার পানি সংরক্ষণ এই চার ধরনের ১৪৫ টি নতুন উন্নয়ন উপপ্রকল্প ও ১৪৫টি Existing উপপ্রকল্পের কার্যকারিতা বৃদ্ধি বাস্তবায়ন;
- ফেনী জেলাধীন মৃগুরী-কঙ্কড়া বন্যা নিয়ন্ত্রণ, নিক্ষেপন ও সেচ প্রকল্পের পুনর্বাসন;
- মাগুরা জেলার শ্রীপুর উপজেলাধীন গড়াই নদীশাসন;

- হাইড্রোলিক এলিভেটর ড্যাম (HED) নির্মাণ;
- নোয়াখালী ও লক্ষীপুর জেলার হাতিয়া ও রামগতি উপজেলায় বয়ার চরে মেঘনা নদীর বামতীরে অব্যাহত ভাঙ্গন হতে রক্ষা প্রকল্পের প্রকল্পমূলক কাজ বাস্তবায়ন;
- ব্যাঘ্রা ব্যাভিলিং এর মাধ্যমে জামালপুর জেলার পুরাতন ব্রহ্মপুত্র নদ, দশানী নদী, জিনজিরাম নদী, আলাইখাল ও যমুনার শাখা নদীর তীর ভাঙ্গন রোধ;
- কক্সবাজার সমুদ্র সৈকত ভাঙ্গন প্রতিরক্ষা এবং টেকসই ও পরিবেশবান্ধব সৌন্দর্য বর্ধন;
- মুজিব নগর ইউনিয়নের অধিক ঝুঁকিপূর্ণ স্থানসমূহ রক্ষা এবং পর্যটন সুযোগসহ মণপুরা উপজেলার নদী ভাঙ্গন রোধ এবং বন্যা নিয়ন্ত্রণ;

২০২০-২১ অর্থবছরে ওয়ারপো কর্তৃক চলমান প্রকল্প

চলমান উন্নয়ন প্রকল্প

- ১) “Study on Developing Operational Shadow Prices for Water to Support Informed Policy and Investment Decision making Process” শীর্ষক প্রকল্পটি জুন ২০২১ খ্রি: এ শেষ হয়। নীতি ও বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াকে সহায়তা প্রদানের লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণের জন্য এই সমীক্ষা প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটির মেয়াদকাল জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২০ পর্যন্ত। প্রকল্পের বরাদ্দ ৪৮৯.৯৩ লক্ষ টাকা। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ জুন ২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়।

প্রকল্পের মূল উদ্দেশ্য

পানির কার্যকর ছায়া মূল্য (Shadow Price) নির্ধারণ ও প্রয়োগের মাধ্যমে সরকারি ও বেসরকারি পর্যায়ে বিভিন্ন আন্তঃ খাতে অর্থনৈতিকভাবে পানির সুযম ব্যবহার ও বণ্টন নিশ্চিতপূর্বক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের জন্য দক্ষতা বৃদ্ধি করা।

প্রকল্পের উল্লেখযোগ্য কার্যাবলী

- বাংলাদেশে পানির ছায়া মূল্য নির্ধারণের জন্য একটি কাঠামো প্রণয়ন;
- পানির মূল্য নির্ধারণের কাঠামো যাচাইকরণে কার্যকরী গবেষণার মাধ্যমে কৃষি, শিল্প, নগর অঞ্চলে পানি ব্যবহার এবং ইকোসিস্টেম সেক্টর এর পানির ছায়া মূল্য প্রণয়ন;
- বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে পানির মূল্য নির্ধারণের উত্তম পদ্ধতি সনাক্তকরণ;
- সরকারি এবং বেসরকারি বিনিয়োগে পানির মূল্য সংযোজনের বিষয়কে মূল ধারায় অন্তর্ভুক্ত করা;
- পানির মূল্য বিষয়ে সচেতনতা সৃষ্টি।

প্রকল্পের অধীন ৪টি সেক্টরের (কৃষি, শিল্প, নগর অঞ্চলে পানি ব্যবহার ও ইকোসিস্টেম) জন্য পানি ছায়ামূল্য নির্ধারণের জন্য একটি ফ্রেমওয়ার্ক প্রস্তুত করা হয়েছে এবং তা ব্যবহার করে কৃষি, নগর অঞ্চলে পানি ব্যবহার, বিদ্যুৎ উৎপাদন, ফুড ও বেভারেজ, পোশাক শিল্প ও নির্মাণ শিল্পের ব্যবহারিত পানির ছায়ামূল্য নির্ধারণ করা হয়েছে। প্রকল্পের অধীনে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার দের অংশগ্রহণে ৭টি কেসস্টাডি, ১০ কর্মশালা এবং ৮টি ট্রেনিং প্রোগ্রাম সম্পন্ন করা হয়েছে। পানির মূল্য বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় মাধ্যমে প্রচারণা চালানো হয়েছে। প্রকল্পটি জুন, ২০২১ এ সমাপ্ত হয়েছে।

প্রকল্পের কতিপয় স্থিরচিত্র





চিত্র: হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ঢাকা তে অনুষ্ঠিত Study on Developing Operational Shadow Prices for Water শীর্ষক প্রকল্পের চূড়ান্ত কর্মশালা



চিত্র: কনস্ট্রাকশন সেক্টরের উপর অনুষ্ঠিত Study on Developing Operational Shadow Prices for Water শীর্ষক প্রকল্পের কর্মশালা

- ২) “পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র এবং ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র অনলাইন প্রক্রিয়াকরণ” শীর্ষক প্রকল্পটি জুন ২০২১ খ্রি: এ শেষ হয়। প্রকল্পটির মেয়াদকাল জানুয়ারী ২০১৯ হতে জুন ২০২০ পর্যন্ত এবং পরবর্তীতে জুন ২০২১ সাল পর্যন্ত বর্ধিত করা হয়। প্রকল্পের বরাদ্দ ৪৯৬.০০ লক্ষ টাকা।

প্রকল্পটির প্রধান উদ্দেশ্যসমূহ হলো

- বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বাস্তবায়নে বিশেষ করে পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র ইস্যুকরণ এবং ফোর্স-মোড (force mode) ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র প্রদান।
- জাতীয় পানি সম্পদ উপাত্তভান্ডার (এনডব্লিউআরডি) এর তথ্য প্রদান সহজ ও উন্নততর করা যা বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।
- প্রকল্পটি সামগ্রিক ও সমন্বিত ভাবে পানি সম্পদের সুরক্ষা ও সংরক্ষণে ওয়ারপোর গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে অবদান রাখবে।


প্রকল্পটির গুরুত্বপূর্ণ অর্জনসমূহ

১. পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্রের ওয়েব-পোর্টাল তৈরি হয়েছে
২. অনলাইন ইনভেন্টরী টুল ও ডাটা প্রসেসিং প্রণয়ন সম্পন্ন হয়েছে
৩. অনলাইন ডাটা ডিসেমিনেশন টুলস প্রণয়ন ও এনডব্লিউআরডি টুলস সমূহ হালনাগাদকরণ করা হয়েছে।
৪. ডাটা ম্যানেজমেন্ট গাইডলাইন প্রস্তুত সম্পন্ন হয়েছে
৫. ভূগর্ভস্থ পানি উত্তোলনের জন্য অনাপত্তিপত্রের ওয়েব পোর্টাল প্রণয়ন সম্পন্ন
৬. মোট ৬ টি ১০ দিনের অভ্যন্তরীণ প্রশিক্ষণের মধ্যে ৬ টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে
৭. যানবাহন ভাড়া এবং কম্পিউটার হার্ডওয়্যার ক্রয়ের কাজ সম্পন্ন (ই-জিপি: ওটিএম)
৮. জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে ২৪ (চব্বিশ) টি ব্যাচের প্রশিক্ষণের আয়োজন সম্পন্ন করা হয়েছে
৯. প্রকল্পের আওতায় ArcGIS সফটওয়্যার ও ডাটা ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।

প্রকল্পের কতিপয় স্থিরচিত্র







চিত্র: “পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র এবং ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র অনলাইন প্রক্রিয়াকরণ” শীর্ষক প্রকল্পের কতিপয় স্থিরচিত্র।

- ৩) বাংলাদেশ সরকার ও Swiss Agency for Development Cooperation (SDC) এর অর্থায়নে ৩ টি জেলা রাজশাহী, নওগাঁ এবং চাঁপাইনবাবগঞ্জে “Operationalizing Integrated Water Resources Management (IWRM) in compliance with the Bangladesh Water Rules, 2018” শীর্ষক একটি সমীক্ষা প্রকল্প চলমান আছে। প্রকল্পটির মেয়াদ জানুয়ারী, ২০২০ থেকে জুন, ২০২৩ পর্যন্ত এবং প্রকল্পের ব্যয় মোট ১৫৩৪.০০ লক্ষ টাকা। Participatory Rural Appraisal (PRA) Hydrological investigation & Modelling এর মাধ্যমে ৩ টি জেলাতে মৌজা ভিত্তিক ভূগর্ভস্থ ও ভূপরিস্থ পানির উৎস চিহ্নিতকরণ, খাতওয়ারী পানির চাহিদা নিরূপণ, ভূগর্ভস্থ পানির নিরাপদ আহরণ সীমা নির্ধারণ, জলাধার সংরক্ষণ এবং পানির অবস্থা, প্রাপ্যতা ও পর্যাপ্ততার ম্যাপ তৈরি করা সম্ভব হবে।



চিত্র: “Operationalizing Integrated Water Resources Management (IWRM) in compliance with the Bangladesh Water Rules, 2018” শীর্ষক সমীক্ষা প্রকল্পের কতিপয় স্থিরচিত্র।

গবেষণা কার্যক্রম

- (১) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পানি সম্পদ কৌশল বিভাগের সাথে “Research on River bank erosion dynamics using Numerical Modeling and Deep learning Technique” শীর্ষক প্রকল্পটির মেয়াদকাল ২৭ জানুয়ারি, ২০১৯ হতে ২৭ জুলাই, ২০২০। পরবর্তীতে, প্রকল্পটির মেয়াদকাল ডিসেম্বর ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়। বর্তমানে গবেষণা প্রকল্পটি সমাপ্ত হয়েছে।

প্রকল্পের গুরুত্বপূর্ণ অর্জনসমূহ

গবেষণা প্রকল্পটির আওতায় হাইড্রোডিনামিক এবং মরফোলজিক্যাল মডেল তৈরি করা হয়েছে। এই মডেলের মাধ্যমে নদীর পাড় ভাঙনের প্রক্রিয়া বিশ্লেষণ অত্যন্ত করে Deep learning Techniques ব্যবহার করে Erosion Prediction Tool তৈরি করা হয়েছে।

- (২) বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল গঙ্গা, ব্রহ্মপুত্র ও মেঘনা নদীর অববাহিকায় অবস্থিত সক্রিয় বদ্বীপ (Active Delta) অঞ্চলের অন্তর্ভুক্ত। প্রতিবছর উজান হতে বিপুল পরিমাণে পলি এই নদীগুলোর মাধ্যমে বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়। তাই বাংলাদেশের জন্য পলি ব্যবস্থাপনা বিশেষ করে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের পলি ব্যবস্থাপনা অন্যতম গুরুত্বপূর্ণ ও চ্যালেঞ্জিং বিষয়। পলি ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রচলিত অন্যতম একটি কৌশল হচ্ছে ড্রেজিং যা অত্যন্ত ব্যয়বহুল এবং কোন কোন ক্ষেত্রে তা কার্যকরী ও টেকসই হয়না। বাংলাদেশের জন্য কার্যকরী পলি ব্যবস্থাপনার বিষয়ে প্রয়োজনীয় গবেষণার অপ্ৰতুলতা রয়েছে। প্রযুক্তিকে কাজে লাগিয়ে পলি ব্যবস্থাপনার জন্য সম্ভাব্য কার্যকরী সমাধান নির্ধারণ করা প্রয়োজন যা সামাজিক ও পরিবেশগত অবস্থার উন্নতির সাথে বাংলাদেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের দীর্ঘমেয়াদী নিষ্কাশন ব্যবস্থা এবং জলাবদ্ধতার সমস্যা থেকে মুক্তি দিতে পারে। এ প্রেক্ষিতে ওয়ারপো আইডলিউএফএম, বুয়েট এর সাথে Research on Sediment Distribution and Management in South-west Region of Bangladesh শীর্ষক যৌথ গবেষণা প্রকল্প পরিচালনা করছে। প্রকল্পটি জুন, ২০১৯ খ্রিঃ এ শুরু হয় যা ডিসেম্বর, ২০২১ এ সমাপ্ত হবে। ইতিমধ্যে প্রকল্পের আওতায় বাংলাদেশ ডেল্টা মডেল প্রস্তুত করা হয়েছে। মডেল ব্যবহার করে পলি বিন্যাস ও ব্যবস্থাপনার বিভিন্ন অপশন বিশ্লেষণ করা হয়েছে। তাছাড়া প্রকল্পের গুরুত্বপূর্ণ আউটউট হিসেবে পলি ব্যবস্থাপনা ম্যনুয়েল প্রস্তুত করা হচ্ছে। বর্তমানে প্রকল্পের আওতায় বাংলাদেশ ডেল্টা মডেল ব্যবহার করে: (ক) পায়রা পোর্ট এলাকায় পলি জমা (Sedimentation) সমস্যার বিশ্লেষণ ও (খ) সন্দ্বীপ-উড়ির চর ক্রসড্যাম এর প্রভাব বিশ্লেষণের কাজ চলমান রয়েছে।





চিত্র: Research on Sediment Distribution and Management in South-west Region of Bangladesh শীর্ষক যৌথ গবেষণা প্রকল্পের স্থিরচিত্র।

(৩) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এবং দুর্যোগ ব্যবস্থাপনা প্রতিষ্ঠান (IDM), খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয় (কুয়েট) কর্তৃক “Research on Water Security Assessment in South-West Coastal Region of Bangladesh” শীর্ষক যৌথ গবেষণা প্রকল্পের কাজ চলমান রয়েছে।





চিত্র: “Research on Water Security Assessment in South-West Coastal Region of Bangladesh”
শীর্ষক যৌথ গবেষণা প্রকল্পের স্থিরচিত্র।

প্রস্তাবিত উন্নয়ন প্রকল্প

- (১) 'বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে সমগ্র দেশের ৫৪ টি জেলায় পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূ-গর্ভস্থ পানি ধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরূপণ' শীর্ষক একটি প্রকল্প পরিকল্পনা কমিশনের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে, মৌজা ভিত্তিক ভূগর্ভস্থ ও ভূপরিষ্ক পানির উৎস চিহ্নিতকরণ, খাতওয়ারী পানির চাহিদা নিরূপণ, ভূ-গর্ভস্থ পানির নিরাপদ আহরণ সীমা নির্ধারণ, জলাধার সংরক্ষণ এবং পানির অবস্থা, প্রাপ্যতা ও পর্যাপ্ততার ম্যাপ তৈরি করা সম্ভব হবে।
- (২) 'ওয়ারপো ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পটির অনুমোদন পরিকল্পনা কমিশনের বিবেচনাধীন আছে। প্রকল্পটি বাস্তবায়িতহলে ওয়ারপো ভবনের ১০ তলা সম্পন্ন হবে। প্রকল্পটি বাস্তবায়িতহলে ওয়ারপো'র বর্ধিত জনবলের অফিস কক্ষ বরাদ্দ করা সম্ভব হবে।

বিগত বছরের ওয়ারপোর বিবিধ কার্যক্রমসমূহ

সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (SDG) এর লক্ষ্যমাত্রা অর্জনে ওয়ারপোর কার্যক্রম

এসডিজি ৬.৪ এ পানি সম্পদ খাতের পানির প্রাপ্যতা (Water Availability) বিষয়ে একটি সমীক্ষা প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া, ওয়ারপোতে অভ্যন্তরীণ প্রশিক্ষণে সংশ্লিষ্ট বিষয়াদি অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং “Assessment of Environmental Flow in the major rivers in Bangladesh” শীর্ষক সমীক্ষা প্রকল্পের কাজও হাতে নেয়া হয়েছে।

ওয়ারপোর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)


মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের মধ্যে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২১ সালের জুন মাসের ২৩ তারিখ স্বাক্ষরিত হয়েছে। বিগত ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে স্বাক্ষরিত কৌশলগত উদ্দেশ্য সমূহ (১.প্রস্তাবিত প্রকল্পের ছাড়পত্র প্রদান। ২. জাতীয় পানি সম্পদ তথ্য উপাত্ত হালনাগাদ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম) ওয়ারপো শতকরা পঁচাশি ভাগ অর্জন করতে সক্ষম হয়েছে।

বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ বাস্তবায়ন

প্রাকৃতিক দুর্যোগের প্রভাবকে হ্রাস করে জলবায়ু পরিবর্তন বিবেচনায় রেখে কৃষি, পানিসম্পদ, ভূমি, শিল্প, বনায়ন, মৎস্য সম্পদ প্রভৃতিকে গুরুত্ব প্রদানপূর্বক সংশ্লিষ্ট সকল অংশীজনের অংশগ্রহণের মাধ্যমে সুষ্ঠু পানি সম্পদ ব্যবস্থাপনা, খাদ্য নিরাপত্তা এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিতকরণের লক্ষ্যে ধাপে ধাপে বাস্তবায়নযোগ্য একটি সমন্বিত দীর্ঘমেয়াদী (৫০ থেকে ১০০ বছর) মহাপরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়নের কর্মকৌশল নির্ধারণের উদ্দেশ্যে নোদারল্যান্ডস সরকারের আর্থিক ও কারিগরি সহায়তায় বাংলাদেশ বদ্বীপ পরিকল্পনা ২১০০ প্রণয়ন প্রকল্প গ্রহণ করা হয়। পানিকেন্দ্রিক উক্ত মহাপরিকল্পনায় দীর্ঘমেয়াদী অর্থাৎ ৫০ ও ১০০ বছরের বৈশ্বিক জলবায়ু পরিবর্তন ও বিশ্ব অর্থনীতির দৃশ্যকল্পের ভিত্তিতে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদের কৌশল প্রণয়নের যে নতুন পরিকল্পনা প্রক্রিয়ায় স্থাপিত হয়েছে, ওয়ারপো প্রস্তাবিত জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়নে তা অনুসরণ করা হচ্ছে। জিইডি এবং ওয়ারপো ভবিষ্যৎ দৃশ্যকল্প পরিকল্পনায় উভয়েই একে অপরের সাথে সহযোগিতা করবে। জাতীয় পানি সম্পদ পরিকল্পনায় বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এ বর্ণিত কৌশলগুলোকে অগ্রাধিকার দেয়া হচ্ছে। অধিকন্তু, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এর investment Plan এ বর্ণিত ওয়ারপো সংশ্লিষ্ট প্রকল্পগুলো বাছাইপূর্বক অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প প্রণয়ের প্রস্তাব বর্তমানে চলমান রয়েছে। বিশেষ করে “Development of Climate Smart Integrated Coastal Resources Database (CSICRD)” প্রকল্পের ডিপিপি প্রস্তরের কাজ ওয়ারপো হাতে নিয়েছে।

শিল্প খাতে পানি নীতি (Industrial water Use Policy in Bangladesh)

জাতীয় অর্থনৈতিক উন্নয়ন অভিলক্ষ্য অর্জনে শিল্পায়ন, দারিদ্র দূরীকরণ, পানি ও খাদ্য নিরাপত্তা, জনস্বাস্থ্য, জনগণের জীবনমান উন্নয়ন এবং প্রাকৃতিক পরিবেশ সুরক্ষার উদ্দেশ্যে ওয়ারপো ‘শিল্পখাতে পানি ব্যবহার নীতি’ (Industrial Water Use Policy) প্রণয়ন করেছে। পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক বিগত ১৯/০১/২০২০ তারিখে এ নীতির ইংরেজি খসড়াটি অনুমোদন করা হয়। পরবর্তীতে, শিল্পখাতে পানি নীতি এর বাংলা অনুবাদ পরবর্তী প্রয়োজনীয় দিক নির্দেশনার জন্য ৩০ নভেম্বর ২০২০ খ্রি: মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।



চিত্র: শিল্পক্ষেত্রে পানি ব্যবহার নীতি

বিগত বছরে মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার কার্যক্রম

স্থানীয় প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারে অংশগ্রহণের বাৎসরিক বিবরণী (জুলাই ২০২০- জুন ২০২১ অর্থবছরে)

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়	মেয়াদ	প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা	অংশগ্রহণকারীর সংখ্যা
১.	বাংলাদেশ পানি আইন ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা ২০১৮ সংশোধন এবং মোবাইল কোর্ট আইন ২০০৯ এর তফসিলভুক্ত করণ কর্মশালা: ওয়ারপো ভবন	২১ অক্টোবর ২০২০	ওয়ারপো	৪৭
২.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: খুলনা	১৫ নভেম্বর ২০২০	ওয়ারপো	৬০
৩.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: বান্দরবন	১৩ ডিসেম্বর ২০২১	ওয়ারপো	৩৫
৪.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: পটুয়াখালী	২৪ জানুয়ারী ২০২১	ওয়ারপো	৩৯
৫.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: চাঁপাইনবাবগঞ্জ	১৮ মার্চ ২০২১	ওয়ারপো	৩০
৬.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: পিরোজপুর	১৭ জুন ২০২১	ওয়ারপো	৩৫
৭.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: ময়মনসিংহ	৩১ মার্চ ২০২১	ওয়ারপো	৪১
৮.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ	১৫ জুন ২০২১	ওয়ারপো	৩৯
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা		১৮	বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১	

	পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: মুন্সিগঞ্জ			
৯.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: টাঙ্গাইল	২৯ জুন ২০২১	ওয়ারপো	৪৫
১০.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: বরিশাল	১২ জুলাই ২০২০	ওয়ারপো	৬০
১১.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: গাজীপুর	২৭ জুলাই ২০২০	ওয়ারপো	৪৩
১২.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: সিরাজগঞ্জ	৫ অক্টোবর ২০২০	ওয়ারপো	৩০
১৩.	বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা: শরিয়তপুর	৭ অক্টোবর ২০২০	ওয়ারপো	৩৫
১৪.	“নীতি ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে সহায়তা প্রদানের লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণের জন্য সমীক্ষা” শীর্ষক সমীক্ষা প্রকল্পের আওতায় প্রাপ্ত পানির ছায়ামূল্য (কৃষি সেক্টর) ভেলিডেশন কর্মশালা	৯ মে ২০২১	ওয়ারপো	৪৩
১৫.	“নীতি ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে সহায়তা প্রদানের লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণের জন্য সমীক্ষা” শীর্ষক সমীক্ষা প্রকল্পের আওতায় প্রাপ্ত পানির ছায়ামূল্য (ফুড এন্ড বেভারেজ সেক্টর) ভেলিডেশন কর্মশালা	২৯ এপ্রিল ২০২১	ওয়ারপো	৪০
১৬.	“নীতি ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে সহায়তা প্রদানের লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণের জন্য সমীক্ষা” শীর্ষক সমীক্ষা প্রকল্পের আওতায় প্রাপ্ত পানির ছায়ামূল্য (পাওয়ার সেক্টর) ভেলিডেশন কর্মশালা	০৭ এপ্রিল ২০২১	ওয়ারপো	৪৫
১৭.	“নীতি ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে সহায়তা প্রদানের লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণের জন্য সমীক্ষা” শীর্ষক সমীক্ষা প্রকল্পের আওতায় প্রাপ্ত পানির ছায়ামূল্য (নগর অঞ্চলে পানি ব্যবহার সেক্টর) ভেলিডেশন কর্মশালা	১২ এপ্রিল ২০২১	ওয়ারপো	৫৩
১৮.	“নীতি ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে সহায়তা প্রদানের লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণের জন্য সমীক্ষা” শীর্ষক সমীক্ষা প্রকল্পের আওতায় প্রাপ্ত পানির ছায়ামূল্য (ইকোসিস্টেম সেক্টর) ভেলিডেশন কর্মশালা	৯ মে ২০২১	ওয়ারপো	৪৭
১৯.	“নীতি ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে সহায়তা প্রদানের লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণের জন্য সমীক্ষা” শীর্ষক সমীক্ষা প্রকল্পের আওতায় প্রাপ্ত পানির ছায়ামূল্য (কনস্ট্রাকশন সেক্টর) ভেলিডেশন কর্মশালা	২৯ মার্চ ২০২১	ওয়ারপো	৪৩
২০.	“নীতি ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে	৬ জুন ২০২১	ওয়ারপো	৩৯

বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১

৩০.	ছায়ামূল্য নির্ধারণ” বিষয়ক প্রশিক্ষণ “নীতি ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে সহায়তা প্রদানের লক্ষ্যে পানির ছায়ামূল্য নির্ধারণের জন্য সমীক্ষা” শীর্ষক সমীক্ষা প্রকল্পের আওতায় “পানির যথাযথ মূল্যায়ন ও ছায়ামূল্য নির্ধারণ” বিষয়ক প্রশিক্ষণ	৩০ জুন ২০২১	ওয়ারপো	২০
৩১.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গোডভুক্ত কর্মচারীদের জুলাই/২০২০ মাসের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	৩০ আগস্ট ২০২০	ওয়ারপো	৪০
৩২.	২০২০-২১ অর্থবছরের পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মচারীদের এপিএ প্রশিক্ষণ	২৭ সেপ্টেম্বর ২০২০	ওয়ারপো	৪০
৩৩.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গোডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	১৫ অক্টোবর ২০২০	ওয়ারপো	৪০
৩৪.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গোডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	০৫ নভেম্বর ২০২০	ওয়ারপো	৪০
৩৫.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মকর্তাদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	২৪ ডিসেম্বর ২০২০	ওয়ারপো	৩৫
৩৬.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গোডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	০৯ ডিসেম্বর ২০২০	ওয়ারপো	৪০
৩৭.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গোডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	১২ জানুয়ারী ২০২১	ওয়ারপো	৪০
৩৮.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গোডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	২৮ ফেব্রুয়ারী ২০২১	ওয়ারপো	৪০
৩৯.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গোডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	২১ মার্চ ২০২১	ওয়ারপো	৪০
৪০.	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার ১১-২০ গোডভুক্ত কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ	০৮ এপ্রিল ২০২১	ওয়ারপো	৪০
৪১.	Training on Clearing House Tool and its application for WARPO Officials বিষয়ক প্রশিক্ষণ	২৯ নভেম্বর-১০ ডিসেম্বর ২০২০		০৮
৪২.	“পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র এবং ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তি পত্র অনলাইন প্রক্রিয়াকরণ” শীর্ষক প্রকল্পের Training on database (Oracle/SQL) related to NWRD portal for WARPO Officials বিষয়ক প্রশিক্ষণ	২০ সেপ্টেম্বর -০১ অক্টোবর ২০২০	ওয়ারপো	০৮
৪৩.	Training on NWRD portal and all online tools (data Dissemination Tool), Knowledgebase of NWRD portal for WARPO Officials বিষয়ক প্রশিক্ষণ	০৩-১৪ জানুয়ারী ২০২১	ওয়ারপো	০৮
৪৪.	ওয়ারপো কর্তৃক বাস্তবায়নাধীন “পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র এবং ভূগর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তি পত্র অনলাইন প্রক্রিয়াকরণ” শীর্ষক সমীক্ষা প্রকল্পের আওতায় প্রণীত সফটওয়্যারে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ	০৩ মার্চ ২০২১-১২ এপ্রিল ২০২১	ওয়ারপো	২৫০
৪৫.	Training on ArcGIS & Remote Sensing for WARPO Officials	০৫-১৬ জানুয়ারী ২০২০	ওয়ারপো	১৪
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা		২১	বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১	

বিষয়ক প্রশিক্ষণ				
